

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৮, ২০১৯

[একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে।]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৮ অক্টোবর ১৪২৫/০২ ডিসেম্বর ২০১৮

নং ৪৫.০০.০০০০.১৭৩.০০২.০৫৮.১৮-৩৫৭—কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ৯(১) এর বিধান মোতাবেক সরকার কর্তৃক মনোনীত ০৩ (তিন) জন সদস্যসহ নিম্নবর্ণিত ১৫ (পনের) সদস্য সমন্বয়ে পরবর্তী ০৩ (তিন) বছর মেয়াদে (০৪-১১-২০১৮ থেকে ০৩-১১-২০২১ খ্রিঃ) পূর্ণাঙ্গ ট্রাস্টি বোর্ড গঠন করা হলো :

- | | | |
|-----|--|------------|
| (ক) | প্রফেসর ডাঃ সৈয়দ মোদাচ্ছের আলী | -সভাপতি |
| (খ) | ডাঃ মাখদুমা নাগিস | -সহ সভাপতি |
| (গ) | সচিব, স্বাস্থ্যসেবা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব | -সদস্য |
| (ঘ) | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব | -সদস্য |
| (ঙ) | সচিব, অর্থ বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব | -সদস্য |
| (চ) | সচিব, পরিকল্পনা বিভাগ বা তৎকর্তৃক মনোনীত উক্ত বিভাগের ১ (এক) জন অতিরিক্ত সচিব | -সদস্য |

(২৫৫১১)

মূল্য : টাকা ৪.০০

(ছ)	মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর	-সদস্য
(জ)	মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	-সদস্য
(ঝ)	ব্যবস্থাপনা পরিচালক, এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড	-সদস্য
(ঞ)	সভাপতি, ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ	-সদস্য
(ট)	সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি	-সদস্য
(ঠ)	ড. আহমদ আল কবির	-সদস্য
(ড)	প্রফেসর ডা. আশরাফুল্লাহ	-সদস্য
(ঢ)	জনাব শাবান মাহমুদ	-সদস্য
(ণ)	ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক	-সদস্য সচিব

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে সরকার, যে কোনো মনোনীত সদস্যকে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে :

আরও শর্ত থাকে যে, সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্তরূপ কোনো সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

০২। কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৮-র ধারা ১০ এর বিধান মোতাবেক ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :-

- (ক) কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে গ্রামের মানুষকে নিরবচ্ছিন্ন সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশাসনিক, আর্থিক ও অন্যান্য ব্যবস্থাপনা;
- (খ) তহবিলের জন্য অর্থ সংগ্রহ ও ব্যবহার;
- (গ) ট্রাস্টের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও সংরক্ষণ;
- (ঘ) গ্রামীণ জনগণের সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবা কর্মসূচি অথবা কার্যক্রমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ সামাজিক সংগঠনসমূহ, বেসরকারি সংস্থা এবং সমাজের বিভাগীয়দের সম্পৃক্তকরণ;
- (ঙ) কমিউনিটি ক্লিনিকের ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ;
- (চ) স্বাস্থ্যসেবায় জনগণের অংশগ্রহণ ও প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রাপ্তি নিশ্চিত করিবার জন্য কমিউনিটি ক্লিনিকের আওতাভুক্ত এলাকাসমূহের জনগণের মধ্য হইতে মনোনীত প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত কমিউনিটি গ্রুপকে কার্যকর ও গতিশীলকরণ;

- (ছ) কমিউনিটি ক্লিনিক পরিচালনায় কমিউনিটি গ্রুপকে সহযোগিতা এবং গ্রামীণ জনগণের স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টিসেবা নিশ্চিত করিবার জন্য স্বেচ্ছাপ্রণোদিত মহিলা, পুরুষ, কিশোর অথবা কিশোরীসহ সমাজের সর্বস্তরের প্রতিনিধিত্বকারী প্রয়োজনীয় সংখ্যক ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত কমিউনিটি সাপোর্ট গ্রুপকে কার্যকর ও গতিশীলকরণ;
- (জ) সমন্বিত প্রাথমিক স্বাস্থ্যসেবার আওতা ও পরিধি প্রবিধান দ্বারা নির্ধারণ;
- (ঝ) ট্রাস্ট ও কমিউনিটি ক্লিনিকের সকল কার্যক্রমে ডিজিটাল পদ্ধতির ব্যবহার, প্রযোজ্য ক্ষেত্রে, নিশ্চিতকরণ; এবং
- (ঞ) সরকার এবং উপদেষ্টা পরিষদ কর্তৃক নির্দেশিত অন্যান্য কার্যাবলি সম্পাদন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এস এম জাহাঙ্গীর হোসেন
সিনিয়র সহকারী সচিব।